দৈনিক ইত্তেফাক

দৈনিক ইত্তেফাক

৩২৮

তারিখ ... ... AUG 29 1999
পৃষ্ঠা ... কলাম ...

# বাকবিশিস সরকারের কাছে ৯ দফা দাবী পেশ করবে

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস) তাদের বিভিন্ন দাবী-দাওয়া আদায়ের লক্ষ্যে সরকারের কাছে ৯ দফা দাবী পেশ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। গত শুক্রবার সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয় টিএসসি'র টিচার্স লাউঞ্জে কেন্দ্রীয় কমিটির এক সভা সমিতির সভাপতি প্রফেসর ম. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় দলের শিক্ষা ব্যবস্থা ও শিক্ষকদের বিভিন্ন সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা শেষে সরকারের কাছে নিম্নোক্ত দাবীসমূহ পেশ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। দাবীসমূহ হল ঃ ১। শিক্ষা জাতীয়করণ করে শিক্ষাক্ষেত্রে বিরাজিত নৈরাজ্যকর অবস্থার অবসান। ২। শিক্ষা জাতীয়করণের লক্ষ্যে সকল বেসরকারী শিক্ষক-কর্মচারীদের বেতন কোন বিভাজন ছাড়াই ৮০ ভাগ থেকে ১০০ ভাগে উন্নীত করা। নীতিমালার নামে কাউকে বঞ্চিত না করা। ৩। অনুপাতপ্রথা তুলে দিয়ে সকল শিক্ষককে ৮ বৎসর চাকরির মেয়াদ পূর্ণ হওয়ার পর সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রদান করা। ৪। সরকারী কলেজের ন্যায় বেসরকারী কলেজেও সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদ সৃষ্টি করা। ৫। কুখ্যাত জনবল কাঠামো বাতিল করা। ৬। শিক্ষা প্রতিষ্ঠান সকাল ৯টা হতে ৫টা পর্যন্ত খোলা রাখার সিদ্ধান্ত বাতিল করা। ৭। উপযুক্ত বাড়ী ভাড়া ও বৎসরে দু'টি উৎসব ভাতা প্রদান করা। ৮। অবিলম্বে কল্যাণ ট্রাস্টের কার্যক্রম চালু করা। ৯। বেসরকারী শিক্ষকদের সরকার প্রদত্ত বেতনের ওপর আয়কর ধার্য করা চলবে না। এতে বিভিন্ন জেলা ও মহানগর হতে আগত ৮৭ জন সদস্য উপস্থিত ছিলেন।